

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা

নং-৪৬.০৪২.০৩৩.০১.০০.১৪৫.২০১১(২). ২৬০

তারিখ : ২০/১/২০১৬।


বিষয় : চট্টগ্রাম জেলা পরিষদের পুকুর, দিঘি, খাল ও জলাশয়ের তথ্যাদি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ-কে সমগ্র দেশের পুকুর, দিঘি ও খাল খনন করার বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী সদয় নির্দেশনা প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা পরিপালনের লক্ষ্যে ৬১টি জেলা পরিষদের (৩টি পার্বত্য জেলা ব্যতীত) মালিকানাধীন পুকুর, দিঘি ও জলাশয় এর তথ্য সংগ্রহ করা হয়। চট্টগ্রাম জেলা পরিষদ হতে প্রেরিত তথ্যে “চট্টগ্রাম জেলা পরিষদের নামে রেকর্ডীয় কোন পুকুর, দিঘি, জলাশয় নেই” মর্মে উল্লেখ করা হয়। চট্টগ্রাম জেলা পরিষদ হতে প্রেরিত পুকুর, দিঘি ও জলাশয় সম্পর্কিত তথ্য সংশ্লিষ্ট জেলার রেকর্ডরুম হতে যাচাইপূর্বক (জমির মৌজা, দাগ, খতিয়ান সিএস, এসএ, আরএস রেকর্ড) মতামতসহ প্রতিবেদন দেয়ার জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হয় :

১.	জনাব জনাব মোঃ রইছ উদ্দিন যুগ্মসচিব(উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ	আহ্বায়ক
২.	জনাব মুহাম্মদ ইকবাল হুসাইন সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২ শাখা) স্থানীয় সরকার বিভাগ	সদস্য
৩.	অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), চট্টগ্রাম	সদস্য

২। কমিটি চট্টগ্রাম জেলা পরিষদের পুকুর দিঘি ও জলাশয় সম্পর্কিত মতামত দাখিল করেন (সংযুক্তি)।

৩। এমতাবস্থায়, চট্টগ্রাম জেলা পরিষদের মালিকানাধীন পুকুর, দিঘি ও জলাশয়সহ সকল সম্পত্তির তথ্যাদি সরবরাহে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম কে সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(জুবাইদা নাসরীন)
উপসচিব

ফোন : ৯৫৭৫৫৬৮

ই-মেইল : Email-igzp@lgd.gov.bd

জেলা প্রশাসক
চট্টগ্রাম।

অনুলিপি সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে :

১. যুগ্ম-সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
২. প্রশাসক, জেলা পরিষদ, চট্টগ্রাম।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।